



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮৪৮, ফ্যাক্সঃ ৯১২৪৬২৬ ই-মেইলঃ bcc@bcc.gov.bd Web Site: <http://www.bcc.gov.bd>

স্মারক নং- ৫৬.০১.০০০০.০০৫.১২.১৩৬.১৮-১২৮৬

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি (২য় বার)

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	গ্রেড	যোগ্যতা	যে সকল বিভাগ/জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	ক্যাটালগার	১	৩০ বৎসর	গ্রেড-১২	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।	খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, বরিশাল, পটুয়াখালী, দিনাজপুর, গাইবান্ধা, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, শেরপুর, কুষ্টিয়া, ফরিদপুর, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ ও মাদারীপুর।
২.	উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক	১	৩০ বৎসর	গ্রেড-১৪	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩.	স্ক্যানিং সহকারী	১	৩০ বৎসর	গ্রেড-১৬	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার বিষয়ে অন্যান্য ১ (এক) বৎসরের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ; এবং (গ) কম্পিউটার ব্যবহার, অপারেশন ও রক্ষণাবেক্ষণের কাজে বাস্তব অভিজ্ঞতা।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪.	ল্যাব সহকারী	৯	৩০ বৎসর	গ্রেড-১৭	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) কম্পিউটার বিষয়ে অন্যান্য ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ।	দিনাজপুর, ফরিদপুর, পাবনা, রাজশাহী, নাটোর, মাদারীপুর, রাঙ্গামাটি, বাগেরহাট, নরসিংদী, ভোলা, কুষ্টিয়া, মানিকগঞ্জ ও বরগুনা।
৫.	অফিস সহায়ক	১	৩০ বৎসর	গ্রেড-২০	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> সাইটের মাধ্যমে আগামী ০৯/০৩/২০২০ তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করিতে হইবে।
- উক্ত পদসমূহের জন্য ০১/০১/২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হইতে হবে; তবে শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততিদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
- আবেদন ফি বাবদ ১০০ (একশত) টাকা DBBL Mobile Banking/bKash-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে বিসিসি'র চাকুরি প্রবিধানমালা ও প্রযোজ্য ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হইবে।
- সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হইবে।
- ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ/ বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- কোন কারণ উল্লেখ ছাড়াই এই নিয়োগ বিজ্ঞপ্তি অথবা নির্দিষ্ট কোন পদে নিয়োগ নিয়োগকারী কর্তৃপক্ষ বাতিল করিতে পারিবে। এছাড়া নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময় (ক) জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, প্রবেশপত্রের ফটোকপি, আবেদনের প্রিন্ট কপি ও ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধার সনদপত্র, কম্পিউটার সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে।
- ইতঃপূর্বে ২৬/০১/২০২০খ্রি: তারিখে দৈনিক ইত্তেফাক, বাংলাদেশ প্রতিদিন এবং The Daily Independent পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে যারা আবেদন করে আবেদন ফি প্রদান করেননি তারা ০৯/০৩/২০২০খ্রি: তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন ফি জমা প্রদান করতে পারবেন।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২১/০২/২০২০